

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৮০

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الفتن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কিয়ামতের পূর্বলক্ষণসমূহ এবং দাজ্জালের বর্ণনা

الفصل الاول (بَابُ الْعَلَامَاتِ بَيْنَ يَدَيِ السَّاعَةِ وَذِكْرِ الدَّجَالِ)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «يَأْتِي الْمَسِيحُ مِنْ قِبَلِ الْمَشْرِقِ هَمَّتُهُ الْمَدِينَةُ حَتَّى يَنْزِلَ دُبُرَ أُحُدٍ ثُمَّ تَصْرِفُ الْمَلَائِكَةُ وَجْهَهُ قِبَلَ الشَّامِ وَهَنَالِكَ يَهْلِكُ». مُتَّفَقٌ عَلَيْهِ.

متفق عليه ، رواه البخارى (لم اجده) و مسلم (486 / 1380) ، (3351) -
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫৪৮০-[১৭] আবু হুরায়রাহ (রাঃ) রাসূলুল্লাহ (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সাঃ) বলেছেন: মাসীহে দাজ্জাল পূর্বদিক থেকে আগমন করে মদীনাহ্ মুনাওয়ারায় প্রবেশ করতে চাইবে। এমনকি সে উহুদ পাহাড়ের পাদদেশ পর্যন্ত পৌঁছে যাবে। অতঃপর মালায়িকাহ্ (ফেরেশতাগণ) তার চেহারা (গতি) সিরিয়ার দিকে ঘুরিয়ে দেবেন এবং সেখানেই সে (ঈসা আলায়হিস সালাম-এর হাতে) ধ্বংস হবে। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারীতে নেই, মুসলিম ৪৮৬-(১৩৮০), মুসনাদে আহমাদ ৯১৫৫, আবু ইয়া'লা ৬৪৫৯, সহীহুল জামি' ৭৯৯৫, সহীহ ইবনু হিব্বান ৫৭৭৪, সিলসিলাতুস সহীহাহ ১৭৭০, তিরমিযী ২২৪৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَأْتِي الْمَسِيحُ مِنْ قِبَلِ الْمَشْرِقِ) তথা দাজ্জাল পূর্বদিকে তথা সিরিয়ার দিক থেকে মদীনাহ্ অভিমুখে

আসতে থাকবে। যখন উহুদ পাহাড়ের পিছন দিকে অবস্থান নিবে তখন মালাক (ফেরেশতা) তার মুখকে সিরিয়ার দিকে ফিরিয়ে দিবে। সামনের দিকে আর অগ্রসর হতে পারবে না। এটাই প্রমাণ করে যে, সে রব হওয়ার অক্ষম। কেননা সে অপারগ হয়ে পিছনের দিকে ফিরে যাবে। মদীনায় প্রবেশ করতে পারবে না। মক্কায় তো পারবেই না। আর সে সিরিয়াতে 'ঈসা আলায়হিস সালাম-এর হাতে নিহত হবে। (মিরকাতুল মাফাতীহ; তুহফাতুল আহওয়ামী ৬ষ্ঠ খণ্ড, হা. ২২৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85458>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন